



দখলবাজি ও সহিংসতায় জিরো টলারেন্সের ঘোষণা তারেক রহমানের



সংগৃহীত ছবি

বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, দল ক্ষমতায় এলে আইনের শাসন প্রতিষ্ঠা ও সব অপরাধের বিচার নিশ্চিত করা হবে। দখলবাজি ও সহিংসতার বিরুদ্ধে নেওয়া হবে কঠোর অবস্থান।

রোববার গভীর রাতে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ের কাঁচপুরে এক নির্বাচনী সমাবেশে তিনি বলেন, জেলায় সন্ত্রাস, দুর্নীতি ও মাদক বড় সমস্যা হিসেবে দাঁড়িয়েছে। ক্ষমতায় গেলে মাদকের স্পটগুলো উচ্ছেদ ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে অগ্রাধিকার দেওয়া হবে।

তিনি আরও বলেন, তরুণদের কর্মসংস্থানে ভাষা শিক্ষা ও কারিগরি প্রশিক্ষণের উদ্যোগ নেওয়া হবে। ইমাম, খতিব ও মাদ্রাসা শিক্ষকদের জন্যও বিশেষ প্রশিক্ষণ ও সম্মানজনক আয়ের সুযোগ তৈরির কথা জানান তিনি।

নদী ও খাল দখলের কারণে কৃষিতে ক্ষতি হচ্ছে উল্লেখ করে তিনি জলাশয় সংস্কার ও খাল খনন কর্মসূচি পুনরায় চালুর প্রতিশ্রুতি দেন। সমাবেশে জেলার বিভিন্ন আসনের প্রার্থীরা উপস্থিত ছিলেন।